

**যারা একুশে  
পদক পেলে**

নিজ নিজ ক্ষেত্রে প্রশংসনীয় অবদানের স্বীকৃতি স্বরূপ সরকার পশ্চিম সাহিত্যিক ও শিল্পীকে একুশে পদক, ১৯৮৮ পুরস্কারে ভূষিত করেছেন। এদের প্রত্যেককে এককালীন নগদ দশ হাজার টাকা ও আঠারো হাজার টাকা (১০-০০-৮০) প্রদান করা হবে।

**বাংলা একাডেমীর  
সাহিত্য পুরস্কার**

(স্টাফ রিপোর্টার)

বাংলা একাডেমীর সাহিত্য পুরস্কার গতকাল ঘোষণা করা হয়েছে। সাহিত্যিকের বিশেষ কৃতিত্বের জন্য এ বছর পুরস্কার লাভ করেন কবি আসাদ চৌধুরী ও প্রাবন্ধিক স্মিভেন শর্মা।

পুরস্কারের মূল্যমান নগদ পঁচিশ হাজার টাকা ও সনদপত্র। বাংলা একাডেমীর মহাপরিচালক প্রফেসর আবু হেনা মোস্তফা (৫-এর পর দস্ত)



বন্দে আলী মিয়া



ডঃ আশরাফ সিদ্দিকী

**সাহিত্য পুরস্কার**

(প্রথম পর)

কামাল গভাকাল বিকালে আনুষ্ঠানিকভাবে এ পুরস্কার ঘোষণা করেন।

আগামীকাল আনুষ্ঠানিকভাবে এ পুরস্কার প্রদান করা হবে। পুরস্কারপ্রাপ্ত দু'জন লেখকই বর্তমানে বিদেশে অবস্থান করছেন।

কবি আসাদ চৌধুরী ১৯৪৩ সালের ১১ ফেব্রুয়ারী বরিশালের উলানিয়ায় জন্মগ্রহণ করেন। তিনি বাংলা একাডেমীর উপপরিচালক হিসাবে কাজ করেন। তার প্রকাশিত কাব্য গ্রন্থের মধ্যে 'তবক সেওয়া পান', 'বিস্ত নাই বেসাত নাই', 'প্রশ্ন নেই উত্তরে পাহাড়', 'ভালবাসার কবিতা' এবং 'মধ্যমার্গ থেকে' উল্লেখযোগ্য।

প্রাবন্ধিক স্মিভেন শর্মা ১৯২৯ সালের ৩০শে মে সিলেটের শিমুলিয়ায় জন্মগ্রহণ করেন। তিনি দীর্ঘকাল অধ্যাপনা করেন। তার প্রকাশিত গ্রন্থের মধ্যে শ্যামলী নিসর্গ, ডারউইন সহৃদয় সহযোগী, সত্যর্থ বলয়ে ডারউইন, জীবনের শেষ নেই উল্লেখযোগ্য।



আনোয়ার হোসেন



সুধীন দাশ

**পদক পেলে**

(প্রথম পর)

কার্টেট মানের তিন ভরি ওজনের একটি স্বর্ণ পদক ও সম্মানপত্র দেয়া হবে।

এরা হচ্ছেন : কবি বন্দে আলী মিয়া (মরণোত্তর), সাহিত্য; ডঃ আশরাফ সিদ্দিকী, সাহিত্য; আনোয়ার হোসেন, শিল্পকলা (নাট্যাভিনয়); সুধীন দাশ শিল্পকলা (সঙ্গীত); এবং কবি ফজল শাহাবুদ্দীন, সাহিত্য। খবর তথ্য বিবরণীর।



ফজল শাহাবুদ্দীন